

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
মিরপুর-২, ঢাকা- ১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৬৪.২০১৭- ৩৭৮

তারিখঃ ২০১২/১৪২৫/১  
০৪/৮/২০১৮

প্রজ্ঞাপন


যেহেতু, বেগম আনারকলি নাজনীন, উপজেলা শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ (চ:দা:)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে এইউইও/বিমা/ ২৩/ ১৭/ ৩৬৩ তারিখ ৩০/০৮/২০১৭ মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২০/৯/২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ২২/০১/২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(বি) উপবিধি মোতাবেক বেগম আনারকলি নাজনীন, উপজেলা শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ (চ:দা:) এর ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হল যা অক্রমবর্ধিষ্ণু (Noncumulative) হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি  
মহাপরিচালক  
৩০/১১/১৮

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৬৪.২০১৭- ৩৭৮/১০

তারিখঃ ২০১২/১৪২৫/১  
০৪/৮/২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৬. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৮. বেগম আনারকলি নাজনীন, উপজেলা শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ (চ:দা:)।
৯. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।

  
মোঃ আবুল কাশেম মিয়া  
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)